

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.১২০

তারিখ: ২ অগ্রহাষণ ১৪২৮

১৭ নভেম্বর ২০২১

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল ঢাকা-১ দায়েরকৃত এ.টি মামলা মামলা নম্বর নং- ৪০৮/২০২১ পরিচালনা
প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রাজশাহীর জেলার শিক্ষা অফিস-এর ডাটা এন্ট্রি অপারেটর জনাব নয়ন রায়সহ মোট ৫৩ (তিপ্পান্ন) জন “শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনস্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা শীর্ষক বিধিমালা, ২০১৮ অধিদপ্তরের আওতাধীন Secondary Education Section Improvement Project (SESIP) শীর্ষক উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেট স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১৮”-এর বিষয়কে কেন্দ্র করে প্রশাসনিক ট্রাইব্যুনালে এ.টি নং-৪০৮/২০২১ মামলা দায়ের করেন।

উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ ০৬ (ছয়) জন-কে বিবাদী করা হয়েছে। ট্রাইব্যুনালে বিবাদীগণকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠসহ (যদি থাকে) প্রস্তু ২৬/১২/২০২১ ইং তারিখে মধ্যে প্রশাসনিক ট্রাইব্যুনালে দাখিল করার নির্দেশনা রয়েছে।

উপর্যুক্ত বর্ণনার আলোকে সচিব মহোদয়ের পক্ষ থেকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) প্রশাসনিক ট্রাইব্যুনালে এ.টি নং-৪০৮/২০২১ মামলা এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।
- (খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
- (গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা /প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- (ঘ) আর্জির দফাওয়ারি জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।
- (ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

১৭-১১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.১২০/১

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪২৮
১৭ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৭-১১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব